S.C.

দৈনিক ইত্তেফাক

15 JUN 1987

তারিখ ...

পৃষ্ঠা ... 1 ... কলাম ... 8 ...

020

# দ্বিতীয় দিনের এইচ এস সি পরীক্ষায় কয়েক স্থানে হাঙ্গামা, গুলী

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (রবিবার) ৪টি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার দ্বিতীয়দিনে ঢাকা বোর্ডে এবং ইত্তেফাক সংবাদদাতাদের প্রেরিত খবরে দেশের অন্যত্র পরীক্ষাকেন্দ্রগুলিতে মোট ৪১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। কয়েকটি স্থানে হাঙ্গামা ঘটে এবং পুলিশকে পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য হস্তক্ষেপ করিতে হয়।

বরিশাল প্রতিনিধি জানান,

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## এইচ এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

গতকাল সৈয়দ হাতেম আলী কলেজ পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহকারীদের হামলায় একজন কনেষ্টবল গুরুতর আহত হন। তাঁহাকে পুলিশ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। একজনকে গ্রেফতার করা হইয়াছে।

জয়পুরহাট সংবাদদাতা জানান: জয়পুরহাট সরকারী কলেজ কেন্দ্রে গোলযোগ সৃষ্টির অভিযোগে গতকাল ৬ জনকে গ্রেফতার করা হয়। একটি ভ্রাম্যমাণ আদালত গ্রেফতারকৃতদের ২ জনের প্রত্যেককে ৫ শত টাকা করিয়া ও অপর ৪ জনের প্রত্যেককে এক হাজার টাকা করিয়া জরিমানা অনাদায়ে একমাসের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দেন।

সিরাজগঞ্জ সংবাদদাতা জানান, শাহজাদপুর উপজেলার জামিরতা কলেজ পরীক্ষা কেন্দ্রে গতকাল অসদুপায় অবলম্বনের দায়ে চার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইলে নকল সরবরাহ- কারীরা ১৪৪ ধারা ভঙ্গ করিয়া কলেজ প্রাঙ্গণে ঢুকিয়া পড়ে। পুলিশ তাহাদের উপর লাঠিচার্জ করে। বহিরাগতদের ইটে ১০ জন পুলিশ এবং পুলিশের লাঠিচার্জে ৪/৫ জন আহত হয়। পরে পুলিশ ১৪ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে।

পাবনা সংবাদদাতা জানান, গতকাল বেরা কলেজ কেন্দ্রে বহিরাগতরা প্রবেশ করিলে পুলিশ বাধা দেয়। বহিরাগতরা কেন্দ্রের আসবাবপত্র ভাংচুর করে। পাবনার জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থলে হাজির হন। পুলিশ দুই রাউণ্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে। ঘটনাস্থল হইতে ১২ জনকে গ্রেফতার করা হয়।

নাটোর সংবাদদাতা জানান, সিঙ্গা কলেজ কেন্দ্রে পরীক্ষার্থী বহিষ্কারকে কেন্দ্র করিয়া গোলযোগ সৃষ্টি হইলে পুলিশ লাঠিচার্জ করে। পুলিশ এক ব্যক্তিকে গ্রেফতার করিয়াছে।

ঢাকা বোর্ডের ১৪টি কেন্দ্র হইতে মোট ১৬৩ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়।